Bengali

হাউজিং বেনিফিট ও কাউন্সিল ট্যাক্স বেনিফিট - ফ্রড (ভুয়া, জাল বা প্রতারণামূলক অপরাধ) ও কিভাবে আমরা এটা প্রতিরোধ করতে পারি সে ব্যাপারে একটি নির্দেশিকা

(Housing Benefit and Council Tax Benefit – a guide to fraud and how we can prevent it)

এ লিফলেটে হাউজিং বেনিফিট ও কাউন্সিল ট্যাক্স বেনিফিট ফ্রড কি ও কিভাবে আমরা তা প্রতিরোধ করতে পারি তা বুঝিয়ে বলা হয়েছে। আপনি যে এলাকায়ই বাস করুন না কেন আইনকানুন সবখানেই এক। আপনি যে এলাকায় বাস করেন তা কোন কাউন্সিলের এলাকায় তা আপনি না জানলে আপনার কাউন্সিল ট্যাক্স বিল থেকে জানতে পারবেন।

হাউজিং বেনিফিট ও কাউন্সিল ট্যাক্স বেনিফিট ফ্রড কি? (What is Housing Benefit and Council Tax Benefit fraud?)

কেউ জেনেশুনে মিথ্যা ও ভুল তথ্যের ভিত্তিতে বেনিফিট দাবী বা গ্রহণ করলে তা হলো বেনিফিট ফ্রড। যিনি বেনিফিট গ্রহণ করেন তার অবস্থার পরিবর্তন হলে তা আমাদের জানালে যে ক্ষেত্রে তার প্রাপ্য বেনিফিটের পরিমাণ কমে যাবে সে ক্ষেত্রে তা আমাদেরকে না জানালে তাকেও বেনিফিট ফ্রড ধরা হয়। কোন কোন সময় যিনি বেনিফিট গ্রহণ করেন শুধু তিনি বেনিফিট ফ্রডের জন্য দায়ী, আবার কোন কোন সময় তাদের বাড়ীওলা, চাকুরীদাতা, তাদের প্রতিনিধি, বা যিনি তাদের বেনিফিটের আবেদনপত্র পূরণ করেছেন তারাও এ ব্যাপারে তার সাহায্যকারী হতে পারেন।

বেনিফিট ফ্রড একটি দন্ডনীয় অপরাধ। আমরা যদি মনে করি কেউ বেনিফিট দাবী করছেন যা তার প্রাপ্য নয়, আমাদের দায়িত্বশীল কর্মীরা তা তদন্ত করবেন। আমরা যদি প্রমাণ পাই যে কেউ বেনিফিট ফ্রড করছেন তবে আমরা তাকে বিচারের সম্মুখীন করতে পারি, তাদেরকে জরিমানা করতে পারি বা তাদেরকে একটি ওয়ার্নিং (সতর্কীকরণ) দিতে পারি। যে কোন ক্ষেত্রেই আমরা যে অতিরিক্ত টাকা দেয়া হয়েছে তার পুরোটাই আদায়ের চেষ্টা করবো। কোন কোন পরিস্থিতিতে আমরা যদি মনে করি কোন টাকা পয়সা বা সম্পত্তি বেআইনীভাবে অর্জন করা হয়েছে আমরা তা বাজেয়াপ্ত করতে পারি।

হাউজিং বেনিফিট ও কাউন্সিল ট্যাক্স বেনিফিট ফ্রড বন্ধ করা কেন জরুরী? (Why is it important to stop Housing Benefit and Council Tax Benefit fraud?)

প্রতি বৎসর বেনিফিট ফ্রডের কারণে করদাতাদের £২ বিলিয়ন পাউন্ড ক্ষতি হয়। এ টাকা আন্যান্য গুরুত্বপূর্ণ সেবায় ব্যবহার করা যেতো। আপনাকে কত টাকা কাউন্সিল ট্যাক্স ও ইনকাম ট্যাক্স দিতে হবে এবং সবার জন্য সমাজে কি পরিমাণ সুযোগ সুবিধা পাওয়া যাবে তার উপর ফ্রডের প্রভাব পড়ে।

বেনিফিটের তহবিলকে ফ্রড ও এর অপব্যবহার থেকে রক্ষা করা আমাদের দায়িত্ব। ফ্রডের তদন্ত করাও আমাদের দায়িত্ব এবং সরকার আমরা এটা কতটুকু করছি তার পরিমাপ করেন।

ভুয়া বেনিফিটের দাবী বন্ধ করার জন্য কি করা হচ্ছে? (What is being done to help stop fraud in benefit claims?)

আমাদের ফ্রড তদন্তকারীরা বেনিফিট ফ্রড কমানোর জন্য অন্যান্য সংস্থাদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করেন। ডিপার্টমেন্ট অফ ওয়ার্কস এন্ড পেনশন্স ও আশেপাশের কাউন্সিলের সাথে তারা মিলিতভাবে তদন্ত করেন এবং এ তদন্তে পুলিশ, বর্ডার এজেন্সী এবং এইচ.এম রেভিনিউ এন্ড কাস্টমসকেও জড়িত করা হয়।

আমরা ডেটা ম্যাচিং করে থাকি, যার বেশীরভাগই হাউজিং বেনিফিট ম্যাচিং সার্ভিস এবং স্কটল্যান্ডের অডিট স্কটল্যান্ড সহ, অডিট কমিশনের ন্যাশনাল ফ্রড ইনিশিয়েটিভ দ্বারা করা হয়, যারা সরকারী সংস্থাসমূহ এবং কিছু বেসরকারী কোম্পানীর দ্বারা সংরক্ষিত তথ্যাদি পরীক্ষা নিরীক্ষা করেন। যে কোন বেমিল তথ্য পাওয়া গেলে তা সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে তদন্ত করার জন্য বলা হয়।

আমরা বেনিফিট ফ্রডের সকল অভিযোগ তদন্ত করি। আমাদের তদন্তে যদি দেখা যায় যে কেউ বেনিফিড ফ্রড করছেন তবে আমরা ব্যক্তিগত পরিস্থিতি ও কেইসটি কতো মারাত্মক তার উপর ভিত্তি করে তার বা অন্যান্য যারা জড়িত তাদের বিরূদ্ধে মামলা বা অন্যান্য ব্যবস্থা গ্রহণ করবো। আমাদের বেনিফিট ফ্রডের ব্যাপারে যে নীতিমালা রয়েছে আমাদের সিদ্ধান্ত তার সাথে সঙ্গতিপূর্ণ হবে।

হাউজিং ট্যাক্স বেনিফিট ও কাউন্সিল ট্যাক্স বেনিফিট কত প্রকার? (What types of Housing Benefit and Council Tax Benefit fraud are there?)

নীচে কিছু সাধারণ ফ্রডের নমুনা দেয়া হলো।

- **যেখানে লোকজন আমাদেরকে বলেননা যে একজন সঙ্গী, আত্মীয় বা ভাড়াটিয়া বাড়ীতে থাকছেন বা বাড়ী ছেড়ে চলে গেছেন।**

কেউ যদি তাদের বাড়ীতে কারো থাকা বা ছেড়ে চলে যাওয়ার ব্যাপারে আমাদেরকে না বলেন তবে তা ফ্রড, যেহেতু এটা তাদের প্রাপ্য বেনিফিটের উপর প্রভাব করে।

- **যদি কেউ আমাদেরকে বলেননা যে তারা কাজ করছেন, কত ঘন্টা কাজ করছেন বা কত টাকা রোজগার করছেন।**

কেউ বেনিফিট গ্রহণ করছেন অথচ আমাদেরকে বলেননা যে তারা কাজ করছেন এবং তার ফলে তারা জব সীকার্স এলাওয়্যান্স বা ইনকাম সাপোর্ট এর মতো অন্যান্য বেনিফিট পাওয়ার অযোগ্য হতে পারেন, সেক্ষেত্রে তা হবে ফ্রড। এটাও হতে পারে যে তারা আমাদেরকে যেভাবে বলেছেন তার চেয়ে বেশী ঘন্টা কাজ করছেন বা বেশী রোজগার করছেন।

- **যেখানে লোকজন তাদের সঞ্চয় ও বিনিয়োগের ব্যাপারে আমাদেরকে সবকিছু বলছেন না।**

এটা হবে যখন কেউ আমাদেরকে তাদের সকল ব্যাংক বা বিল্ডিং সোসাইটির একাউন্ট, ক্যাশ, ষ্টক ও শেয়ারের ব্যাপারে বলেননা, যেহেতু এটা তাদের প্রাপ্য বেনিফিট এর উপর প্রভাব করে।

- **লোকজন ইউকে তে বা বিদেশে তাদের যেসব সম্পত্তি আছে (যা থেকে তারা হয়তো ভাড়া পান) সে সম্পর্কে আমাদের বলেন না।**

এ ফ্রড হলো যেখানে কেউ ইউকে তে বা বিদেশে তাদের যেসব সম্পত্তি আছে (যা থেকে তারা হয়তো ভাড়া পান) সে সম্পর্কে আমাদের বলেন না।

- **কেউ যে ঠিকানায় বেনিফিট দাবী করছেন সেখানে থাকেননা বা তা অন্যের কাছে আংশিক ভাড়া দেন।**

এটা হলো যে ক্ষেত্রে লোকজন যে ঠিকানায় বেনিফিট দাবী করছেন সেখানে থাকেননা বা তা অন্যের কাছে আংশিক ভাড়া দেন।এটা এমনও হতে পারে যে কেউ এমন ঠিকানায় বেনিফিট দাবী করছেন যে ঠিকানার কোন অস্তিত্ব নাই বা যেখানে তাদেরকে ভাড়া দিতে হয়না। এ ধরনের ফ্রড হতে পারে বাড়ীওলা বা অন্য ভাড়াটেদের সহায়তায়।

- **বাড়ী ছেড়ে অন্যত্র সরে যাবার পরেও যারা সে বাড়ীর উপর বেনিফিট গ্রহণ করে যাচ্ছেন।**

কেউ যদি আমাদেরকে বলেননা যে তারা সরে গেছেন, কিন্তু তাদের পুরানো ঠিকানায় হাউজিং বেনিফিট গ্রহণ চালিয়ে যান, তবে তারা ফ্রড করছেন।

- **কেউ আমাদেরকে তাদের সকল আয়ের পূর্ণ বিবরণ না দিলে।**

এটা হলো যেখানে কেউ তাদের সকল আয়ের তথ্য বা তারা যে টাকা পান তার কোন পরিবর্তনের কথা আমাদেরকে বলেন না, কারণ তাতে তাদের বেনিফিটের উপর প্রভাব পড়তে পারে। আয়ের মধ্যে পেনশন (কাজ থেকে ও প্রাইভেট পেনশন), ট্যাক্স ক্রেডিট, স্টুডেন্ট লোন, গ্রান্ট বা অনুদান অন্তর্গত।

- **যদি কেউ আমাদের বলেননা যে, তারা যে বাড়ীর জন্য হাউজিং বেনিফিট দাবী করছেন তার মালিক তাদের সন্তানের বাবা বা কোন আত্মীয়।**

যিনি হাউজিং বেনিফিট দাবী করছেন তিনি যদি বাড়ীর মালিক হয়ে থাকেন বা বাড়ীর মালিক তার কোন সন্তানের বাবা হয়ে থাকেন সেখানে আমরা হাউজিং বেনিফিট দিতে পারি না, তাই এ ধরণের ফ্রড হলো যেখানে কেউ আমাদেরকে বলেননা যে তারা বাড়ীর মালিক, অথবা কে বাড়ীর মালিক সে ব্যাপারে সঠিক তথ্য দেন না। যিনি বেনিফিট দাবী করছেন তার কোন আত্মীয় বাড়ীর মালিক হলে সেখানেও এটা প্রযোজ্য।

আমার মনে হয় কেউ বেনিফিট ফ্রড করছেন - আমি কি করবো? (I think I know someone who is committing benefit fraud – what should I do?)

আপনার জন্য আমাদেরকে তা জানানো জরুরী। কেউ বেনিফিট ফ্রড করছেন বলে আপনার সন্দেহ হলে আমরা আপনার বক্তব্য শুনতে চাই।

- আপনি আপনার স্থানীয় কাউন্সিলকে যোগাযোগ করতে পারেন। (আপনার কাউন্সিল ট্যাক্স বিলে আপনার স্থানীয় কাউন্সিলের নাম পাবেন।)

- আপনি ন্যাশনাল বেনিফিট ফ্রড হটলাইন কে 0800 328 6340 এ ফ্রীফোন নাম্বারে বা ওয়েলশভাষীদের জন্য 0800 678 3722 এ ফ্রীফোন নাম্বারে ফোন করতে পারেন।

- আপনি www.secure.dwp.gov.uk/benefitfraud/ এ ওয়েব-ঠিকানায় গিয়ে অনলাইন ফর্ম পূরণ করতে পারেন।

আমকে কি কি তথ্য দিতে হবে? (What information do I need to give?)

আইনে বলা হয়েছে যে কারো বেনিফট ফ্রডের ব্যাপারে তদন্ত করতে হলে তার জন্য ভালো কারণ থাকতে হবে - তাই নীচের বিষয়গুলোর ব্যাপারে যথাসম্ভব তথ্য দিতে হবে।

- যারা ফ্রড করছেন বলে আপনি বিশ্বাস করেন তাদের নাম
- তাদের ঠিকানা
- অন্য কেউ জড়িত থাকলে তাদের তথ্যাদি।
- যারা জড়িত তাদের বিবরণ যেমন উচ্চতা, শারীরিক গঠন, চুলের রং
- তাদের গাড়ীর বিবরণ, নাম্বার প্লেট ও রং সহ।
- আপনি কেন ফ্রড সন্দেহ করেন এবং তারা কি করছেন বলে আপনার মনে হয়।
- তারা কোন কাজকর্ম করে থাকলে তার ব্যাপারে তথ্য, কি ধরনের কাজ, চাকুরীদাতার নাম ও ঠিকানা, কত ঘন্টা কাজ করেন ও কত রোজগার করেন সহ।
- আমাদেরকে কোনো সঙ্গীর কথা বলা না হয়ে থাকলে তার ব্যাপারে তথ্য, তাদের নাম, বিবরণ, চাকুরী, এবং তারা যে সময় বাড়ীতে আসেন ও বাড়ী থেকে বের হয়ে যান ইত্যাদি তথ্য সহ।
- তারা অনেক টাকা খরচ করে থাকলে, যা কেউ বিনিফিটে থাকলে করার কথা নয়, সে ব্যাপারে তথ্য।

আমাকে কি আমার নাম দিতে হবে? (Do I have to give my name?)

আপনি চাইলে আপনার সাথে যোগাযোগের তথ্যাদি নাও দিতে পারেন, তবে আমাদের কোন প্রশ্ন থাকলে আমরা যাতে আপনার সাথে যোগাযোগ করতে পারি সেজন্য আপনি কে তা আমাদের জানালে সুবিধা হবে।

আমি যে তথ্য দেবো তা দিয়ে কি করা হবে? (What happens with the information I give?)

আমাদের ফ্রড তদন্তকারীরা আপনার দেয়া তথ্য তদন্ত করবেন। তারা সব তথ্য গোপন রাখবেন।

যদি যথেষ্ট তথ্য পাওয়া যায় তবে তারা সে ব্যক্তির বেনিফিট ক্লেইম পরীক্ষা করবেন। তদন্তে কিছু সময় লাগতে পারে, এবং আপনার দেয়া তথ্যের ফলে তারা কি খুঁজে পেয়েছেন তা আপনাকে বলতে পারবেন না।

আপনারা কি ব্যবস্থা নেবেন? (What action will you take?)

কোন কোন সময় আমরা কোন ব্যবস্থাই নেবোনা কারণ সে ব্যক্তি হয়তো কোন বেনিফিট ফ্রড করছেন না। উদাহরণস্বরূপ, হয়তো সে ব্যক্তি আমাদেরকে আগেই বলেছেন যে তিনি কাজ করছেন কিন্তু তা তার বেনিফিটে কোন প্রভাব করে না। যারা কাজ করছেন কিন্তু তাদের আয় সামান্য তাদেরকেও হাউজিং বেনিফিট ও কাউন্সিল ট্যাক্স বেনিফিট দেয়া যায়।

যেখানে কাউকে বেনিফিট ফ্রড করতে পাওয়া যাবে আমরা একমাত্র সেখানেই ব্যবস্থা নেবো। যেসব ব্যবস্থা নেয়া হয় তার মধ্যে থাকতে পারে, বেনিফিট বন্ধ করে দেয়া, জরিমানা করা, বিচারের সম্মুখীন করা, যার ফলে তার জেল হতে পারে।

আমি আরো উপদেশ কোথায় পাবো? (Where can I get more advice?)

আপনি আরো উপদেশ বা সাহায্য চাইলে, আমাদের সাথে যোগাযোগ করুন। আপনি আপনার কাউন্সিল ট্যাক্স বিলে বা আপনার এলাকার ফোনবুকে আমাদের সাথে যোগাযোগের বিস্তারিত তথ্য পাবেন।

ন্যাশনাল ফ্রড হেল্পলাইন (National Fraud Hotline)

এ ঠিকানায় লিখুন:
National Fraud Hotline
PO Box 647
Preston
PR1 1WA.

ফ্রীফোন: 0800 328 6340

ওয়েবসাইট: www.targetingfraud.gov.uk

নিরপেক্ষ উপদেশ (Independent advice)

আপনি নিরপেক্ষ উপদেশ চাইলে, আপনার স্থানীয় সিটিজেন্স এডভাইস ব্যুরোর সাথে যোগাযোগ করুন। আপনার এলাকার ফোন বুকে, আপনার স্থানীয় লাইব্রেরীতে বা আমাদের সাথে যোগাযোগ করে আপনি তাদের এবং অন্যান্য উপদেশদাতা স্যস্থাদের ফোন নাম্বার পাবেন।

অন্যান্য মাধ্যম (Other formats)

এ বুকলেটের তথ্যাদি আপনি বড় ছাপা, ব্রেইল ও অন্যান্য ভাষায় পাবেন। এছাড়াও এটি অনলাইনে ওডিওতেও পাওয়া যায়।
আরো তথ্যের জন্য আমাদের ওয়েবসাইট www.benefit-leaflets.org দেখুন।